সিআইডি আইটি ফরেনিসক ল্যাব, ঢাকায় ভয়েস/কণ্ঠস্বর পরীক্ষা করা হয়।

বিতর্কিত ভয়েস এর সাথে সন্দেহভাজন ব্যাক্তিদের নমুনা ভয়েস/কণ্ঠস্বর রের্কডিং আদালতের আদেশ নিয়ে পাঠালে উভয় ভয়েস (বিতর্কিত ভয়েস রেকর্ড ও সন্দেহভাজনদের নিকট থেকে সংগৃহীত নমুনা ভয়েস রেকর্ড) তুলনামুলক পরীক্ষা করে মতামত প্রদান করা হয়।

ছবির সাথে ছবি মিলিয়ে বা ছবি এডিটিং করে তৈরী করা কিনা তা সিআইডি ফটোগ্রাফী ল্যাব, ঢাকায় পরীক্ষা করা হয়।

নমুনা ছবির সাথে বিতর্কিত ছবি আদালতের আদেশ নিয়ে পাঠালে সিআইডি ফটোগ্রাফী ল্যাব, ঢাকায় পরীক্ষা করে মতামত প্রদান করা হয়।

পরীক্ষার জন্য আদেশ পাঠানোর ঠিকানাঃ
এসএস (ফরেনসিক)
সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

ভয়েস পরীক্ষার জন্য
বিতর্কিত ভয়েস এর সাথে নমুনা ভয়েস পরীক্ষার জন্য নমুনা ভয়েস আদালতের আদেশে আইটি বিশেষজ্ঞ আদেশে উল্লেখিত সন্দেহভাজনদের নিকট থেকে সংগ্রহ করবে।

ছবি পরীক্ষার জন্য
বিতর্কিত ছবির সাথে আদালতের আদেশে সন্দেহভাজনদের ছবি (ফ্রন্ট/রাইট এ্যাঙ্গেল/লেফট এ্যাঙ্গেল) উত্তোলনপূর্বক পরীক্ষা করে মতামত প্রদান করা হয়।

মামলার পিটিশনে উল্লেখ করা হয়েছে যে, বাদিনী ঘটনার সময়ে ঘটনাস্থলে একা ছিলেন। বিবাদীরা তাকে একা পেয়ে মারধর করে হুমকি দিয়ে চলে যায়। এর পরে বাদিনী স্বাক্ষীদের মোবাইল ফোনে কল করেন এবং স্বাক্ষীরা এসে তাকে চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যায়।

প্রকৃত পক্ষে বাদিনী ও বিবাদীরা মামলার ঘটনার সময়ে ঘটনাস্থলে ছিলেন কিনা, বাদীনি স্বাক্ষীদের মোবাইলে কল করেছিলেন কিনা ইত্যাদি ঘটনার সত্যতা উদঘাটন করা প্রয়োজন। উল্লেখিত ঘটনার সত্যত্য উদঘাটনের জন্য বাদিনী, বিবাদী দ্বয় এবং স্বাক্ষীদের নিজ নিজ ভোটার আইডি কার্ডের বিপরীতে ইস্যুকৃত মোবাইল নম্বরের মাধ্যমে মামলার ঘটনার সময়ে কার কোথায় অবস্থান ছিল এবং বাদিনী ঘটনাপরবর্তী সময়ে স্বাক্ষীদের মোবাইলে কল করেছিল তা জানা প্রয়োজন।

বাদিনী, বিবাদী দ্বয় এবং স্বাক্ষীদের নিজ নিজ ভোটার আইডি কার্ডের বিপরীতে ইস্যুকৃত মোবাইল নম্বরের সিডিআর উত্তোলনপূর্বক ঘটনার সময়ে কার কোথায় অবস্থান ছিল এবং বাদিনী ঘটনাপরবর্তী সময়ে স্বাক্ষীদের মোবাইলে কল করেছিল কিনা সেই সম্পর্কে বিস্তারিত মতামত প্রদানের জন্য এসএস (সাইবার ইনভেস্টিগেশন), সিআইডি, ঢাকা অথবা ডিসি (সাইবার ইনভেস্টিশন), ডিবি, ডিএমপি, ঢাকা অথবা ডিসি (সাইবার ইনভেস্টিশন), সিটিটিসি, ডিএমপি ঢাকা কে আদেশ দেওয়া যেতে পারে।